



**ASSET**  
Project

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NIPORT)  
আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (RTC)  
বেড়া, পাবনা।



E-mail : [rtcbera@yahoo.com](mailto:rtcbera@yahoo.com)

স্মারক নং- ৫৯.১২.৭৬১৬.০৩৭.২৩.০৫০.২৬- '৪৭

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ  
২৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

### ভর্তি বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের অর্থায়নে শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কারিগরী শিক্ষা অধিদপ্তরধীন Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) প্রকল্পের আওতায় জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NIPORT) এর তত্ত্বাবধানে বেকার যুবক-যুবতীদের জন্য প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে পেশাগত জ্ঞান ও কারিগরি দক্ষতা বৃদ্ধি এবং মনোভাবের পরিবর্তন করে সেবাপ্রার্থীদের গুণগত সেবাপ্রদানসহ আত্মকর্মসংস্থানের সুযোগ তৈরির লক্ষ্যে আয়োজিত ০৩ মাস মেয়াদী (৩৬০ ঘন্টা) প্রশিক্ষণ কর্মসূচিতে (অর্ধদিবস ও অনাবাসিক) সম্পূর্ণ বিনামূল্যে ভর্তি চলছে।

প্রশিক্ষণ কর্মসূচির নাম	আবেদনের সময়সীমা	নির্ধারিত যোগ্যতা
জেনারেল কেয়ারগিভিং (General Caregiving-Level-2)	২৭-৩০ এপ্রিল ২০২৬ খ্রি.	এসএসসি/ সমমান
প্রতিষ্ঠানের নাম ও অবস্থান	যোগাযোগ	
আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (RTC), বেড়া, পাবনা। (বেড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সংলগ্ন)	০১৭৩৮-১৮২৬৩৬ (বেলাল)	০১৭৩৫-৭৫৪৩০০ (হাফিজ)

উল্লেখ্য, প্রতি ব্যাচে মহিলা ও পুরুষ প্রার্থী প্রশিক্ষণের সুযোগ পাবেন। নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন (নিম্নলিখিত কাগজপত্র সহ) জমা প্রদানের জন্য আহ্বান করা হচ্ছে। পুরুষ-মহিলার সংখ্যা কর্তৃপক্ষ কম বেশী করতে পারবেন।

**প্রশিক্ষণ কর্মকর্তা, RTC, বেড়া, পাবনা বরাবর নিজ হস্তে লিখিত আবেদন পত্র ০১টি।**

**আবেদন গ্রহণ শুরু: ২৭ এপ্রিল ২০২৬খ্রি.**

**আবেদন শেষ তারিখ: ৩০ এপ্রিল ২০২৬খ্রি.**

**ক্লাস শুরু: ০২ মে ২০২৬খ্রি.**

#### সুবিধাসমূহ:

- প্রশিক্ষণটি সম্পূর্ণ বিনামূল্যে এবং প্রশিক্ষণার্থীদের নির্ধারিত হারে মাসিক ও যাতায়াত ভাতা প্রদান করা হবে, ASSET প্রকল্পের বাজেট বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষ।
- প্রশিক্ষণটি অর্ধদিবস ও অনাবাসিক।
- সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারীদের দক্ষতা যাচাই সাপেক্ষে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে দেশে-বিদেশে সংশ্লিষ্ট পেশায় কর্মসংস্থানের সুযোগ থাকবে।
- প্রশিক্ষণার্থীদের উপস্থিতি ৯০% থাকতে হবে এবং প্রশিক্ষণ শেষে কৃতকার্য প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান করা হবে।

#### শর্তসমূহ:

- আবেদনকারীর বয়স ১৮-৪৫ বছর।
- নিষ্ঠার সাথে প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে এবং প্রশিক্ষণ শেষে সংশ্লিষ্ট পেশায় কাজ করায় আগ্রহী হতে হবে।
- প্রশিক্ষণ কর্মসূচিটি অনাবাসিক ও অর্ধদিবসব্যাপী হওয়ার শুধুমাত্র সম্পূর্ণ মেয়াদে উপস্থিতি নিশ্চিতকারীদের থেকে আবেদন আহ্বান করা হচ্ছে।
- প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে সুঠাম দেহের অধিকারী হতে হবে এবং দরিদ্র/ সংখ্যালঘু/ ক্ষুদ্র নৃগোষ্ঠী/ প্রতিবন্ধীদের অগ্রাধিকার দেয়া হবে।

আবেদন ফরমের সাথে প্রয়োজনীয় কাগজপত্র : সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদের ফটোকপি, সকল শিক্ষাগত সনদপত্রের ফটোকপি দাখিল করতে হবে।

**বিশেষ দৃষ্টব্য:** সীমিত আসন সংখ্যার কারণে আগ্রহীদের দ্রুত আবেদন করার জন্য অনুরোধ করা হলে। আবেদনকৃত প্রার্থীদের তথ্য যাচাই করে প্রার্থী নির্বাচন করা হবে। উপরের যেকোনো তথ্য কর্তৃপক্ষ সরংক্ষণ করতে পারে।

বিস্তারিত তথ্যের জন্য উল্লিখিত ঠিকানায় অথবা মোবাইলে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(মো: সোহেল রানা)  
প্রশিক্ষণ কর্মকর্তা (ভারপ্রাপ্ত)  
আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, (RTC)  
বেড়া, পাবনা।  
মোবাইল: ০১৭৫৫-৩৫৩৬২৮